

ডেসকোর ইনোভেশন সংক্রান্ত ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনা

ক্র: নং	প্রস্তাবিত বিষয় সমূহ	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবি)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমানগত কি পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কিনা তা পরিমাপের মানদণ্ড)	বাস্তবায়ন অগ্রগতি
০১	অনলাইনে বৃহৎ সংযোগের ক্ষেত্রে লোড-ছাড়পত্র প্রদান	০১-০৭-২০১৯ হতে ৩১-০৩-২০২০	প্রকৌঃ এ কে এম আখতারুজ্জামান নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি) প্রকৌঃ সাজ্জাদ নাজমুল আলম নির্বাহী প্রকৌশলী (এমডিএসএস) প্রকৌঃ আবু তাহের মোঃ খালেবুজ্জামান খান উপ-বিভাগীয় প্রকৌশলী (পিএন্ডডি) প্রকৌঃ পূর্ণতা রায় উপ-বিভাগীয় প্রকৌশলী (পিএন্ডডি) প্রকৌঃ মোঃ আব্দুল মোমীন উপ-বিভাগীয় প্রকৌশলী (আইসিটি) প্রকৌঃ সোহেল আহমেদ উপ-বিভাগীয় প্রকৌশলী (আইসিটি)	ডেসকোর সংশ্লিষ্ট অফিসে স্বশরীরে উপস্থিত না হয়ে নতুন সংযোগের মত বৃহৎ লোড ছাড়পত্রের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। প্রতিটি ধাপের অগ্রগতি গ্রাহককে এসএমএস এর মাধ্যমে অবহিত করা এবং অনুমোদিত লোড ছাড়পত্রটি ই-মেইলে গ্রাহককে অবগত করা হবে এছাড়াও লোড-ছাড়পত্রটি ডেসকোর ওয়েবসাইটে আপলোড করা হবে যার ফলে রাজউক/সংশ্লিষ্ট অন্যান্য সেবা দানকারী প্রতিষ্ঠান ছাড়পত্রটির সঠিকতা যাচাই করতে পারবে।	আইডিয়াটি বাস্তবায়নের পরে গ্রাহকের সময়, অর্থ সাশ্রয় এবং প্রতিটি ধাপের অগ্রগতি গ্রাহককে এসএমএসের মাধ্যমে অবহিত করা হবে বিধায় স্বচ্ছতা নিশ্চিত হবে। লোড ছাড়পত্রটি ডেসকোর ওয়েবসাইটে প্রকাশ করা হবে বিধায় অন্যান্য সংস্থা স্বল্প সময়ে ছাড়পত্রটির সত্যতা নিশ্চিত হতে পারবে।	
০২	বস্তিবাসী/বাস্তুহারা নাগরিকবৃন্দের বিদ্যুৎ সুবিধা প্রদান	০১-০৭-২০১৯ হতে ৩১-০১-২০২০	প্রকৌঃ মোঃ জাকির হোসেন প্রধান প্রকৌশলী (এসএন্ডডি অপারেশন (ওয়েস্ট জোন)) প্রকৌঃ মোঃ হোসেন আরাফাত কিবরিয়া, নির্বাহী প্রকৌশলী (টেক্সট) প্রকৌঃ মোহাম্মদ মিজানুর রহমান উপ-বিভাগীয় প্রকৌশলী (প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন এর দপ্তর) জনাব মোঃ পারভেজ রায়হান সহকারী ব্যবস্থাপক(প্রশাসন বিভাগ(এস্টেট এন্ড লিগ্যাল))	অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধ করার জন্য এবং বাস্তুহারা ও বস্তিবাসীদের মধ্যে বৈধ বিদ্যুৎ ব্যবহারে উৎসাহিত করার জন্য প্রচলিত নতুন সংযোগের বাধ্যতামূলক মালিকানার কাগজ পত্র ব্যাতিরেকে সংযোগ প্রদানের ব্যবস্থা করা। শুধুমাত্র এনআইডি এবং স্থানীয় জনপ্রতিনিধির (ওয়ার্ড কমিশনার) প্রত্যাশনপত্র নিয়ে কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে নতুন সংযোগের নূন্যতম চার্জ নিয়ে বিশেষ বিবেচনায় পোল মিটার প্রদান করা।	নিজ নামে বৈধ মিটার পেলে বস্তিবাসী/বাস্তুহারা নাগরিকবৃন্দ অবৈধ বিদ্যুৎ ব্যবহারের পরিবর্তে বৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করতে উৎসাহী হবে। বৈধ বিদ্যুৎ এর জন্য তাদের সময় ও অর্থ সাশ্রয় হবে সর্বপরি জীবন যাত্রার মান উন্নয়ন সহ মৌলিক অধিকার নিশ্চিত হবে।	